

## জ্ঞানচক্ষু

### আশাপূর্ণা দেবী

১. ছোটমেসো লেখক সে কথা শুনে তপনের যেমন চক্ষুস্থির হয়ে গিয়েছিল, এমন কোনো ঘটনা তোমার জীবনেও কি ঘটেছে যা শুনে বা দেখে তোমারও একইরকমভাবে চক্ষুস্থির হয়ে গিয়েছিল?

২. তোমার পরিচিত বৃত্তে এমন কেউ আছেন যিনি লেখালেখি করতে বড় ভালোবাসেন? তার সম্বন্ধে কিছু কথা আমাদেরও জানাও।

৩. কবিতা, গল্প, নাটক না উপন্যাস, কোনটা তোমায় সবচাইতে বেশী টানে? সেই আকর্ষণ কেন বোধ করো তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪. কখনো কোনো বিষয় বা বস্তু পাওয়ার প্রচুর আশা করে অবশেষে আশাহত হয়েছো? সেই নিরাশার কাহিনী সেই হতাশার গল্প নিজের ভাষায় বলো।

৫. তোমার পরিবারের এমন কেউ আছেন যিনি বয়সে বড় হলেও তাঁকে তুমি বন্ধুর মত মনে করো? কোন্ কোন্ বিষয় তুমি তাঁর সাথে ভাগ করে নাও, বিস্তারিত জানাও।

৬. তুমি নিশ্চয়ই কখনো অবসরে গল্প লিখেছো। কি নিয়ে সেই গল্প লিখেছিলে আর তা শুনে বাড়ির বাকিরা বা তোমার বন্ধুরা কেমন বলেছিল, জানাও তো দেখি।